**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**
প্রধান কার্যালয়
বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd

PDBF

স্মারক সংখ্যা: ৪৭.৬৬.০০০০.১২.৯৯.০০৭.২০-৪৭৫০

তারিখ: ২৩ ভাদ্র, ১৪৩০ ব. / ০৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

**বিষয়: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর আগষ্ট, ২০২৩ মাসের গণশুনানি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

সূত্র: ৪৭.০০.০০০০.০৩৩.৯৯.০২৯.১৭.৩৬৭; তারিখ: ২৯-০৯-২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর ২০২৩-২০২৪ অর্থবছরের আগষ্ট, ২০২৩ মাসের গণশুনানি সংক্রান্ত মাসিক প্রতিবেদন সদয় অবগতি ও যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ’ল। উল্লেখ্য যে, উক্ত প্রতিবেদনের পিডিএফ ও সফট কপি ই-মেইল যোগে (rdsection4@gmail.com) প্রেরণ করা হয়েছে।

সংযুক্তি: গণশুনানি প্রতিবেদন - ০১ প্রস্থ।

০৭.০৯.২০২৩

**মুহম্মদ মউদুদউর রশীদ সফদার**
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২-৮০৩২৯২৬
ই-মেইল: pdbfmd@gmail.com

**সচিব**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# গণশুনানি সংক্রান্ত তথ্য প্রেরণ

**মন্ত্রণালয়/বিভাগের নাম**: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**দপ্তর/সংস্থার নাম**: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

**মাসের নাম**: আগষ্ট , ২০২৩

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/অভি যোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) | ০১ দিন | ৫১জন | ১৪ জন | "দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও আর্থিক অন্তর্ভূক্তির লক্ষ্যে পিডিবিএফ-এর প্রয়াস" বিষয়ক গণশুনানি অনুষ্ঠান। | বিগত ৩০.০৮.২০২৩ খ্রি. তারিখে "দারিদ্র্য বিমোচন পল্লী উন্নয়ন ও আর্থিক অন্তর্ভূক্তির লক্ষ্যে পিডিবিএফ-এর প্রয়াস" বিষয়ক গণশুনানি অনুষ্ঠানে পিডিবিএফ কুমিল্লা অঞ্চলের আওতাধীন তিতাস কার্যালয়ের সুফলভোগী সদস্য ও সংশ্লিষ্ট অংশীজন অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতির (কোড: ০৪৩) সদস্যগণ নিম্নোক্ত প্রত্যাশা/প্রস্তাবনা উপস্থাপন করেন:<br>১) সেলাই, কুটির শিল্প, হস্ত শিল্প ও অন্যান্য বিষয়ে সদস্যদেরকে প্রশিক্ষণ দেয়া যায় কিনা? (মনি আক্তার)<br>২) ক্ষুদ্র ঋণের বর্তমান সুদের হার ১২% হতে কমানো যায় কিনা? (আখলিমা)<br>৩) বর্তমানে চলমান নারী উদ্যোক্তা ঋণের সিলিং ৩,০০,০০০/- টাকা করা যায় কিনা? (শিপু আক্তার)<br>৪) বর্তমানে চলমান নারী উদ্যোক্তা ঋণের মেয়াদ ০২ বছর করা যায় কিনা? (জায়েদা)<br>৫) পাশ বহির মূল্য ৫০/- টাকার পরিবর্তে পূর্বের ন্যায় ২০/- টাকা করা যায় কিনা? (আমেনা)<br>৬) সদস্যদের ছেলে-মেয়েদেরকে শিক্ষা বৃত্তি দেয়া যায় কিনা? (ওশিয়া) | কুমিল্লা অঞ্চলের আওতাধীন তিতাস কার্যালয়ের মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতি (০৪৩)-এর সুফলভোগী সদস্য, নারী উদ্যোক্তা, স্থানীয় ব্যক্তিবর্গ ও সংশ্লিষ্ট অংশীজনের উপস্থিতিতে উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত ছিলেন পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। এছাড়া, পিডিবিএফ-এর বিভাগীয় প্রধানবর্গ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ ভার্চুয়াল মাধ্যমে (জুম) পিডিবিএফ প্রধান কার্যালয় প্রান্তে যুক্ত ছিলেন। কুমিল্লা |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/অভি যোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | ৭) সমিতির সদস্য অসুস্থ হলে চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা দেয়া যায় কিনা? (নাজমা)<br>৮) নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করলে সদস্যদেরকে পুরস্কার দেয়া যায় কিনা? (আছমা)<br>৯) পিডিবিএফ-এ চাকুরীর ক্ষেত্রে সদস্যদের ছেলে-মেয়েদেরকে অগ্রাধিকার দেয়া যায় কিনা? (নাজিয়া)<br>১০) দীর্ঘ মেয়াদে সদস্যদের মাঝে গৃহ নির্মাণ ঋণ প্রদান করা যায় কিনা? (রাহিমা)<br>১১) মৌসুমী ঋণ প্রদান করা যায় কিনা? (ছাবিনা)<br>১২) শুরুতে ক্ষুদ্র ঋণ ৫০,০০০/- টাকা দেয়া যায় কিনা? (রুমি)<br>১৩) সদস্যদের জমাকৃত সঞ্চয়ের উপর মুনাফার হার বাড়ানো যায় কিনা? (হাসিনা)<br>১৪) নারী উদ্যোক্তা ঋণের হলফনামা পূর্বের ন্যায় ৫০/- টাকা করা যায় কিনা? (হাসিনা)<br>পিডিবিএফ প্রধান কার্যালয় প্রান্তে গণশুনানি অনুষ্ঠানের প্রধান অতিথি (ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ) সুফলভোগী সদস্যদের বক্তব্য ধৈর্য্য সহকারে শ্রবণ করেন এবং সদস্যদের প্রশ্নের নিম্নরূপ জবাব প্রদান:<br>• সেলাই, কুটির শিল্প ও হস্ত শিল্প বিষয়ে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের সহায়তায় এ ধরনের প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে;<br>• ক্ষুদ্র ঋণের সেবা মূল্যের হার কমানো যায় কিনা এ বিষয়ে প্রধান অতিথি জানান, পিডিবিএফ-এর | অঞ্চলের উপপরিচালক ও সিনিয়র সহকারী পরিচালক, তিতাস কার্যালয়ের ইউডিবিও এবং মাঠ কর্মকর্তাগণ গণশুনানি অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | পরিচালনসহ যাবতীয় ব্যয় এ প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে নির্বাহ করা হয়। সরকারের তরফ থেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা পাওয়া গেলে ক্ষুদ্র ঋণের সেবামূল্যের হার কমানো সম্ভব হবে;<br>• নারী উদ্যোক্তা ঋণের সিলিং ১,৫০,০০০-৩,০০,০০০/- টাকায় উন্নীত করার বিষয়ে পিডিবিএফ-এর ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে;<br>• চলমান নারী উদ্যোক্তা ঋণের মেয়াদ ০২ বছর করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জানান, ঋণের মেয়াদ দীর্ঘ মেয়াদী অপেক্ষো স্বল্প মেয়াদী হওয়ায় সদস্যদের জন্য সুবিধাজনক, কারন একটি ঋণ চক্র সম্পন্ন হলে পরবর্তী ঋণ প্রয়োজনমাফিক গ্রহণের সুযোগ পাওয়া যায়। তাই আপাতত: এ ঋণের মেয়াদ ১ বছর রাখাই যুক্তি সঙ্গত;<br>• পাশ বহির মূল্য ৫০/- টাকার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ বলেন, পাশ বহির মূল্য ৫০/- টাকা যুক্তি সঙ্গত। আপাতত: এটা বলবৎ থাকবে;<br>• গণশুনানিতে জানানো হয়, সদস্যদের সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদানের বিষয়ে ডিপিএস বা অনুরুপ কোন স্কীম প্রবর্তন করা যেতে পারে;<br>• সমিতির কোন সদস্য অসুস্থ্য হলে তাঁকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষ্যে স্বাস্থ্য বীমা সুবিধা সংক্রান্ত একটি স্কীম প্রণয়ন করা যেতে পারে;<br>• সদস্যদের নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করলে এবং নিয়মিত সঞ্চয় জমার মাধ্যমে অধিক পুঁজি গঠনে সক্ষম হলে এবং নবসম্পদ সৃজিত হলে | |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | সদস্যকে ব্যতিক্রমী পারফরমেন্স-এর ভিত্তিতে পুরস্কার প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;<br>• পিডিবিএফ-এ চাকুরীর ক্ষেত্রে সদস্যদের ছেলে-মেয়েদেরকে অগ্রাধিকারের বিষয়টি পিডিবিএফ-এর ব্যবস্থাপনা কমিটি ও বোর্ড সভায় আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে;<br>• সুফলভোগী সদস্যদের জন্য গৃহ নির্মাণ ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে পল্লী আবাসন সঞ্চয় পরিকল্প হিসেবে একটি সঞ্চয় পরিকল্প চালু করা যেতে পারে। উক্ত পরিকল্পে সঞ্চিত অর্থ হতে সদস্যদের জন্য গৃহ নির্মাণ ঋণ সহায়তা প্রদান করা যেতে পারে;<br>• পিডিবিএফ-এ বর্তমানে কোন মৌসুমী ঋণ সুবিধা প্রচলন নাই। এ বিষয়টি ব্যবস্থাপনা কমিটির সভায় গভীরভাবে পর্যালোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে;<br>• বর্তমানে পিডিবিএফ-এ ক্ষুদ্র ঋণ কার্যক্রমে শুরুতেই ৩০,০০০/- টাকা ঋণ প্রদানের সুযোগ রয়েছে। সদস্যদের মাঝে শুরুতে ৫০,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ বিতরণের প্রস্তাবনার বিষয়টি ব্যবস্থাপনা কমিটির সভায় অনুপুঙ্খভাবে বিশ্লেষণ করে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে;<br>• পিডিবিএফ-এ যে সকল সঞ্চয় পরিকল্প চলমান রয়েছে সে সকল স্কীমের মুনাফার হার তুলনামূলকভাবে রাষ্ট্রায়ত্ব ব্যাংকসমূহ কর্তৃক প্রদত্ত হার অপেক্ষা বেশি। সঞ্চয় আমানতের উপর ব্যাংকসমূহের মুনাফার হার বৃদ্ধি পেলে পিডিবিএফ-এ হার বৃদ্ধির বিষয়ে বিবেচনা করা যেতে পারে; | |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | • সরকার কর্তৃক নির্ধারিত ফি অনুযায়ী নারী উদ্যোক্তা ঋণের হলফনামার ফি নির্ধারণ করা হয়েছে।<br><br>তাছাড়া, পিডিবিএফ-এর বহুমাত্রিক ঋণ ও সঞ্চয় কার্যক্রম, আয় উৎসারি কর্মকান্ড, নবসম্পদ সৃজন, প্রণোদনা ঋণ কর্মসূচি এবং প্রশিক্ষণ বাস্তবায়ন ইত্যাদি বিষয় সম্পর্কে অলোচনা করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি সুফলভোগী সদস্যদের সঞ্চয় পরিবৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করেন। সুফলভোগী সদস্যদের উদ্দেশ্যে ব্যবস্থাপনা পরিচালক বলেন, সমিতির কার্যক্রম সচল রাখার লক্ষ্যে সমিতি খেলাপী মুক্ত করতে হবে, ঋণের অর্থ এককভাবে বা দলগতভাবে আয় উৎসারি কাজে বিনিয়োগ করতে হবে এবং নবসম্পদ সৃজনে সদস্যদেরকে উদ্যোগী হতে হবে।<br><br>পরিশেষে, তিনি সুশৃঙ্খলভাবে সমিতির কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। | |

০৭.০৯.২০২৫


**মোঃ শফিকুল ইসলাম**
ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান, অর্থ
(অনুবেদক)


০৭.০৯.২০২৫

**মুহম্মদ মউদুদউর রশীদ সফদার**
ব্যবস্থাপনা পরিচালক
পিডিবিএফ।


"দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও আর্থিক অন্তর্ভূক্তির লক্ষ্যে পিডিবিএফ-এর প্রয়াস" শীর্ষক গণশুনানী অনুষ্ঠানের স্থিরচিত্র:

স্থান: তিতাস কার্যালয়, পিডিবিএফ, কুমিল্লা অঞ্চল
তারিখ: ৩০ আগস্ট, ২০২৩ খ্রি.



গত ৩গ আগষ্ট, ২০২৩ তারিখে পিডিবিএফ কুমিল্লা অঞ্চলভূক্ত তিতাস কার্যালয়ের মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতিতে পিডিবিএফ-এর সুফলভোগী সদস্য, নারী উদ্যোক্তা, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ গ্রহীতা ও স্থানীয় ব্যক্তিবর্গের উপস্থিতিতে গণশুনানি অনুষ্ঠিত হয়। গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি ছিলেন পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক (সরকারের সাবেক সচিব) জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।










পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার গণশুনানি অনুষ্ঠানে উপস্থিত সেবা প্রত্যাশী সদস্যগণের বক্তব্য শ্রবণ করেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।

**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**

পল্লীর রথে, প্রগতির পথে

তিতাস উপজেলা কার্যালয়, কুমিল্লা অঞ্চল।

PDBF

**পিডিবিএফ এর বিভিন্ন কর্মকাণ্ডের উপর সেবাগ্রহীতা সদস্য/সদস্যাগণের গণশুনানী অনুষ্ঠানঃ**

গণশুনাণীর তারিখঃ ৩০ আগস্ট '২৩ খ্রিঃ

স্থানঃ মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতি

পিডিবিএফ, তিতাস কার্যালয়

**গণশুনাণী অনুষ্ঠানে উপস্থিত সেবা গ্রহীতা/সদস্যদের হাজিরা:**

| ক্রমিক নং | সেবা গ্রহীতা/সদস্যদের নাম | সমিতির নাম | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মনি আক্তার | মজিদপুর পূর্ব পাড়া সমিতি | ০১৭৬৮৭৩৪৯৬ | মনি আক্তার |
| ২ | শিমু আক্তার | ঐ | ০১৭৫৮৬২০৭০২ | সেলিনা |
| ৩ | রুমিয়া | ঐ | ঐ | রুমিয়া |
| ৪ | মিনি আক্তার | ঐ | | মিনি |
| ৫ | নাসরিয়া | ঐ | ০১৭৩২৫৫৫৭১৯ | নাসরিয়া |
| ৬ | নাজমা | ঐ | ঐ | নাজমা |
| ৭ | আমেনা | ঐ | ০১৯২৬৭৮৯৪৮৬ | আমেনা |
| ৮ | আকলিমা | ঐ | ০১৬০১৪০৫৩৮৯ | আকলিমা |
| ৯ | সুমি আক্তার | ঐ | ০১৮৬৩৬০৬৬৬২ | সুমি |
| ১০ | নয়ন তারা | ঐ | ০১৭৪৫৭০৪৮৬৪১ | নয়ন তারা |
| ১১ | জাহানারা | ঐ | ০১৮৭৭৯৪৫৫৪৪ | জাহানারা |
| ১২ | জাহেদা | ঐ | ঐ | জাহেদা |
| ১৩ | শাহরীন | ঐ | 01780-932726 | শাহরীন |
| ১৪ | ফিরোজা | ঐ | 01634-252728 | [illegible] |
| ১৫ | কনিকা | ঐ | 01308751093 | কনিকা |
| ১৬ | আমেনা | ঐ | 01998343689 | আমেনা |
| ১৭ | হাসনেহা | ঐ | 01720-252712 | |
| ১৮ | ইরন | ঐ | ঐ | হাসনেহা |
| ১৯ | মাকসুদা | ঐ | 0182[illegible] | মাকসুদা |
| ২০ | সুলতানা | ঐ | 01850-979089 | সুলতানা |
| ২১ | হালিমা | ঐ | 01861-232461 | হালিমা |
| ২২ | নেহার | ঐ | 01720-957781 | নেহার |

সভাপতি

৩০/০৮/২৩

(মোঃ ... মিয়া)

উপজেলা কর্মকর্তা

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

তিতাস কার্যালয়, কুমিল্লা।

| ক্রমিক নং | সেবা গ্রহীতা/সদস্যদের নাম | সমিতির নাম | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৩ | করুনা | মজিদপুর পূর্ব পাড়া | 01963-593826 | করুনা |
| ২৪ | সাদিয়া | ঐ | 01737-602203 | সাদিয়া |
| ২৫ | শাহিনাজ | ঐ | ঐ | শাহিনাজ |
| ২৬ | তনু | ঐ | 01780-851676 | তনু |
| ২৭ | রুকিয়া | ঐ | 01751466789 | রকিয়া |
| ২৮ | তাহেরা | ঐ | 01625-141716 | তাহেরা |
| ২৯ | শিল্পী | ঐ | 01720-202768 | শিল্পী |
| ৩০ | মুক্তা | ঐ | 01746-057603 | মুক্তা |
| ৩১ | রেহেনা | ঐ | 01840-201886 | রেহেনা |
| ৩২ | রহিমা | ঐ | 01834-342317 | রহিমা |
| ৩৩ | শারমিন | ঐ | 018799-072-77 | শারমিন |
| ৩৪ | মরিয়ম | ঐ | ঐ | মরিয়ম |
| ৩৫ | রুমি | ঐ | 01829062880 | রুমি আক্তার |
| ৩৬ | মনোয়ারা | ঐ | ঐ | মনোয়ারা |
| ৩৭ | নাসরীন | ঐ | ঐ | নাসরীন |
| ৩৮ | রুপা | ঐ | 01834-257334 | রুপা |
| ৩৯ | মমতাজ | ঐ | 01746932512 | [illegible] |
| ৪০ | রুপালী | ঐ | 01814151384 | রুপালী |
| ৪১ | সুমি | ঐ | ঐ | সুমি |
| ৪২ | শ্রাবনী আক্তার | ঐ | 01742-249502 | শ্রাবনী |
| ৪৩ | নাজমা | ঐ | ঐ | [illegible] |
| ৪৪ | লিজা | ঐ | 01795-333106 | লিজা |
| ৪৫ | রওশনারা | ঐ | ঐ | রোশনারা |
| ৪৬ | আসমা | ঐ | 01707-581945 | আসমা |
| ৪৭ | শাহিদা | ঐ | 01720-841206 | শাহিদা |
| ৪৮ | সেলিনা | ঐ | ঐ | সেলিনা |
| ৪৯ | আফিয়া | ঐ | 01736-873496 | আফিয়া |
| ৫০ | হাসনেয়ারা | ঐ | 01305463755 | হাসনেয়ারা |
| ৫১ | আমেনা | | 01874-766437 | আমেনা |

# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (      এফ)

## উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কাযালয়

তিতাস, কুমিল্লা।

**পিডিবিএফ এর বিভিন্ন কার্যক্রমের উপর সেবা গ্রহীতাদের গনশুনানী অনুষ্ঠানে সদস্যাদের প্রত্যাশা/প্রশ্ন ঃ**

গন শুনানীর তারিখ ঃ ৩০/০৮/২০২৩ ইং।
স্থান ঃ মজিদপুর পুর্বপাড়া মহিলা সমিতি ।

| ক্রঃ নং | প্রশ্ন/প্রত্যাশো | সদস্যার নাম ও কোড |
|---|---|---|
| ০১ | সেলাই/কুটির শিল্প/হস্ত শিল্প ও অন্যান্য বিষয়ে সদস্যাদেরকে প্রশিক্ষণ দেয়া যায় কিনা | মনি আক্তার-০২ |
| ০২ | ক্ষুদ্র ঋনের চলমান সুদের হার ১২% হতে কমানো যায় কিনা ? | আখলিমা-৬৩ |
| ০৩ | বর্তমানে চলমান নারী উদ্যোক্তা ঋণের সিলিং ৩.০০ লক্ষ টাকা করা যায় কিনা ? | শিপু আক্তার-১৪ |
| ০৪ | বর্তমানে চলমান নারী উদ্যোক্তা ঋণের মেয়াদ ০২ বছর করা যায় কিনা? | জায়েদা-১৯ |
| ০৫ | পাশ বহির মূল্য ৫০/-টাকার পরিবর্তে পূর্বের ন্যায় ২০/- টাকা করা যায় কিনা? | আমেনা-২৪ |
| ০৬ | সদস্যাদের ছেলে মেয়েদেরকে শিক্ষা বৃত্তি দেয়া যায় কিনা? | ওশিয়া-৪৪ |
| ০৭ | সদস্যারা অসুস্থ হলে চিকিৎসা বাবদ সহায়তা দেওয়া যায় কিনা? | নাজমা-২২ |
| ০৮ | নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করলে সদস্যাকে পুরস্কার দেয়া যায় কিনা? | আছমা-১১ |
| ০৯ | পিডিবিএফ এ চাকুরীর ক্ষেত্রে সদস্যাদের ছেলে-মেয়েদেরকে অগ্রাধিকার দেয়া যায় কিনা? | নাজিয়া-২৮ |
| ১০ | দীর্ঘ মেয়াদে সদস্যাদের মাঝে গৃহ নির্মাণ ঋণ প্রদান করা যায় কিনা? | রাহিমা-৯/১ |
| ১১ | মৌসুমী ঋণ প্রদান করা যায় কিনা? | ছাবিনা- ১১/১ |
| ১২ | শুরুতে ক্ষুদ্র ঋণ ৫০,০০০/- টাকা দেয়া যায় কিনা? | রুমি- ৫১/১ |
| ১৩ | সদস্যাদের জমাকৃত সঞ্চয়ের উপর মুনাফার হার বাড়ানো যায় কিনা? | হাসিনা - ০৮/১ |
| ১৪ | নারী উদ্যোক্তা ঋণের হলফনামা পূর্বের ন্যায় ৫০/-টাকা করা যায় কিনা? | হাসিনা - ০৮/১ |

**(মোঃ ইউনুছ মিয়া)**
পরিচিতি নং-০২৩৭৭
উর্ধ্বতন দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
তিতাস, কুমিল্লা।

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউ[illegible] পিডিবিএফ)
উপজেলা দারিদ্র্য বিমোচন [illegible] কার্যালয়
তিতাস উপজেলা কার্যালয়, [illegible] অঞ্চল।

পিডিবিএফ এর বিভিন্ন কার্যক্রমের উপর সেবা গ্রহীতা/সদস্যদের অংশগ্রহণে সমিতি পর্যায়ে অনুষ্ঠিত গণশুনানির রেজুলেশনঃ

তারিখ ঃ ৩০-০৮-২০২৩ খ্রিঃ।

স্থানঃ মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতি, তিতাস , কুমিল্লা অঞ্চল

মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অদ্য বেলা ১১.০০ ঘটিকায় পিডিবিএফ কুমিল্লা অঞ্চলাধীন তিতাস কার্যালয়ের মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতি (০৪৩) সমিতিতে গণশুনানি অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানিতে মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতি (০৪৩) এর সেবা গ্রহীতা/সদস্যগণ অংশগ্রহণ করেন। শুনানিতে কতিপয় সদস্যের স্বামী, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ ও তিতাস কার্যালয়ের সহকর্মীগণ উপস্থিত ছিলেন। শুনানি অনুষ্ঠান পরিচালনা করেন গুরুপদ দাস, ভারপ্রাপ্ত উপ-পরিচালক ও সভাপতি আঞ্চলিক এনআইএস ফোকাল পয়েন্ট, পিডিবিএফ, কুমিল্লা অঞ্চল।

উক্ত গণশুনানিতে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি অংশ গ্রহণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব ও পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ) এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। উক্ত অনুষ্ঠানে ভার্চুয়ালি আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ শফিকুল ইসলাম, বিভাগীয় প্রধান, অর্থ ও এনআইএস ফোকাল পয়েন্ট, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।

গণশুনানি অনুষ্ঠানের শুরুতে পিডিবিএফ,কুমিল্লা অঞ্চলের উপ-পরিচালক জনাব গুরুপদ দাস,পিডিবিএফ এর বিভিন্ন সেবা ও কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। অতঃপর প্রধান অতিথি মহোদয় ভার্চুয়ালি সংযুক্ত হয়ে সমিতির সদস্যদের বিভিন্ন প্রশ্ন ,প্রত্যাশা ও প্রস্তাবনা ধৈর্য্য সহকারে শ্রবণ করেন এবং তাদের প্রত্যাশা ও প্রস্তাবনা বাস্তবায়নে ইতিবাচক আশ্বাস প্রদান করেন। সদস্যদের মধ্যে বিভিন্ন প্রশ্ন ,প্রত্যাশা ও প্রস্তাবনা উপস্থাপন করেন জনাব মনি আক্তার, সভানেত্রী, মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতি(০৪৩) সহ আরও কতিপয় সম্মানিত সদস্যবৃন্দ।

প্রধান অতিথি মহোদয় তার বক্তব্যে বলেন, গ্রাম পর্যায়ে সরকারের সকল সেবা পৌছে দেওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়নে কাজ করছে পিডিবিএফ। এ উদ্যেশ্যে পিডিবিএফ ইতোমধ্যেই নানান পদক্ষেপ, উদ্যোগ ও প্রকল্প গ্রহণ করেছে। পিডিবিএফ-ঋণদান, সঞ্চয়ের মাধ্যমে পুঁজি গঠন, প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকারের দেয়া প্রণোদনা প্যাকেজের মাধ্যমে ক্ষুদ্র,কুটির ও মাঝারি শিল্পের ক্ষতিগ্রস্থ উদ্যোক্তা ও আগ্রহী জনগোষ্ঠীকে সহজ শর্তে নব শিল্প সৃজনের জন্য ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে। তিনি তার বক্তব্যে বলেন অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে ক্ষুদ্র ,কুটির ও মাঝারি শিল্প খাতের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্প বিকাশের মাধ্যমে আমরা নিজেদের এবং প্রতিবেশি আরো কিছু লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারি, যাতে আমাদের পরনির্ভরশীলতা কমে। তিনি তাঁর বক্তব্যে কুটির শিল্প সম্পর্কে অনেক সুন্দর ধারনা প্রদান করেন। সাথে সাথে তিনি তাঁর বিভিন্ন সময়ে দেখা আকর্ষনীয় অনেক কুটির শিল্পের উদাহরণ তুলে ধরেন। বিষয়গুলিতে শুনানীতে অংশগ্রহনকারীদের মাঝে বিপুল উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি করে। এছাড়া বর্তমানে পিডিবিএফ এ প্রচলিত বিভিন্ন সঞ্চয় স্কীমের আওতায় সঞ্চয় জমা করতে উৎসাহ প্রদান করেন।

অতঃপর প্রধান অতিথি মহোদয় শুনানিতে উপস্থিত সদস্যদের বিভিন্ন প্রত্যাশা ও প্রস্তাবনার আশুবাস্তবায়নের জন্য পিডিবিএ চলমান কর্মকান্ডের পাশাপাশি আরও নতুন নতুন উদ্যোগ গ্রহণ করবে বলে আশ্বাস দেন। তিনি আরও বলেন যে, এ সকল উদ্যো বাস্তবায়নে আমাদের যার যার অবস্থান থেকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন ও কাজ করতে হবে। নিজেদের ভাগ্য উন্নয়নে পরনির্ভরশীলতা কমিয়ে আয় বর্ধনমূলক কর্মকান্ডের মাধ্যমে স্বনির্ভর হওয়ার জন্য আমাদের আত্মনির্ভরশীল করতে হবে। অবশেষে প্রধান অতিথি মহোদয় শুনানিতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

প্রত্যাশা/প্রস্তাবনা বাস্তবায়নের আশ্বাস ও প্রধান অতিথি মহোদয়ের বক্তব্য শুনে শুনানিতে অংশগ্রহনকারী সেবা গ্রহীতা/সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন এবং প্রধান অতিথি মহোদয়কে তিতাস কার্যালয় পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানান।

অবশেষে উপ-পরিচালক পিডিবিএফ কুমিল্লা অঞ্চল মহোদয় অংশগ্রহনকারী ও আয়োজকবৃন্দকে ধন্যবাদ জানিয়ে গণশুনানি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

| | | |
|---|---|---|
| মনি আক্তার | | ০৩/০৮/২৩ |
| (মনি আক্তার) | (মোঃ ইউনুছ মিয়া) | (স্বরুপন দাস) |
| সদস্য নং-০২ | পরিচিতি নং-০২৩৭৭ | পরিচিতি নং-০০৪৮০ |
| সভানেত্রী | সিনিয়র দারিদ্র্য বিমোচন কর্মকর্তা | উপ-পরিচালক(ভারপ্রাপ্ত) |
| মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতি(০৪৩) | পিডিবিএফ, তিতাস কার্যালয়, কুমিল্লা অঞ্চল | পিডিবিএফ,কুমিল্লা অঞ্চল |
| পিডিবিএফ, তিতাস কার্যালয়, কুমিল্লা অঞ্চল | | |

# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

(বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক গৃহীত আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত)

অভাব অনটন ঘুচে গেছে
দারিদ্র্যতার শেষ

বাংলাদেশ ও
মধ্যম আয়ের

## উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয়

তিতাস, কুমিল্লা ।

স্মারক নং- ৪৭.০৫.১৯৯৪.০০০.০১.২০১.২২.০ ০৬২

তারিখ ঃ ২৮-০৮-২০২৩ ইং ।

বরাবর,

মনি আক্তার
সভানেত্রী
মজিদপুর পূর্বপাড়া মহিলা সমিতি
পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন
তিতাস কার্যালয়, কুমিল্লা অঞ্চল ।

বিষয় ঃ গণশুনানী আলোচনাতে উপস্থিতি প্রসঙ্গে ।

উর্পযুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, পিডিবিএফ তিতাস কার্যালয়ের আওতাধীন মজিদপুর পূর্বপাড় মহিলা সমিতিতে আগামী ৩০/০৮/২০২৩ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকার সময় **"দারিদ্র বিমোচন, পল্লী উন্নয়ন ও আর্থিব অর্ন্তভুক্তির লক্ষ্যে পিডিবিএফ এর প্রয়াস "** শীর্ষক এক গনশুনানীর আয়োজন করা হয়েছে। উক্ত গনশুনানীতে সভানেত্রী হিসেবে আপনী নিজে উপস্থিত থেকে সমিতির আরো ৫০ (পঞ্চাশ) জন সদস্যা উপস্থিত রাখার জন্য আপনাকে বলা হলো ।

২৮/৮/২৩

(মোঃ ইউনুছ মিয়া)
পরিচিতি নং-০২৩৭৭
উর্ধ্বতন দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
তিতাস, কুমিল্লা ।

**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**

**পল্লীর রথে, প্রগতির পথে**

উপ-পরিচালকের কার্যালয়, কুমিল্লা অঞ্চল।

PDBF

স্মারক নং-৪৭.৬৬.১৯০০.০০০.৯৯.০৬০.১৮-৮০৮ তারিখ ঃ ২৭/০৮/২০২৩ ইং

**বিষয় ঃ "দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও আর্থিক অর্ন্তভূক্তির লক্ষ্যে পিডিবিএফ এর প্রয়াস" শীর্ষক গনশুনানী আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পিডিবিএফ এর বিভিন্ন কার্যক্রমের উপর সেবা গ্রহীতা/সদস্যগণের গনশুনানী আয়োজন করা আবশ্যক।

এমতাবস্থায়, আপনার কার্যালয়ের আওতাধীন এক বা একাধিক সমিতির সুফলভোগী/সেবা গ্রহীতা উদ্যোক্তা, সুশীল সমাজের প্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে, "দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও আর্থিক অর্ন্তভূক্তির লক্ষ্যে পিডিবিএফ এর প্রয়াস" শীর্ষক পিডিবিএফ এর বিভিন্ন কার্যক্রমের উপর আগামী ৩০/০৮/২০২৩ ইং তারিখ একটি গনশুনানী আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হ'ল।

২৭/০৮/২৩

(গুরুপদ দাস)
পরিচিতি নং-০০৪৮০
উপ-পরিচালক
পিডিবিএফ, কুমিল্লা অঞ্চল।

সিনিয়র/উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন
তিতাস কার্যালয়, কুমিল্লা অঞ্চল।

স্মারক নং-৪৭.৬৬.১৯০০.০০০.৯৯.০৬০.১৮-৮০৮ তারিখ ঃ ২৭/০৮/২০২৩ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

১. পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
২. যুগ্ম পরিচালক, মানব সম্পদ উন্নয়ন, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক্সিকিউটিভ সেক্রেটারী, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি রক্ষক, পিডিবিএফ, কুমিল্লা অঞ্চল।

২৭/০৮/২৩

(গুরুপদ দাস)
পরিচিতি নং-০০৪৮০
উপ-পরিচালক
পিডিবিএফ, কুমিল্লা অঞ্চল।